



১৫/০৯/২০২০

নোটিশ

প্রিয় শিক্ষার্থীবৃন্দ,

আসসালামু আলাইকুম, আশা করি আল্লাহর অশেষ কৃপায় সুস্থ আছো। প্রথম বর্ষ সমাপনী পরীক্ষার ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রতি রইলো আমার শুভেচ্ছা।

তোমাদের প্রথম বর্ষে ভর্তি পরবর্তী টিউটোরিয়াল পরীক্ষা-১, মিডটার্ম পরীক্ষা, টিউটোরিয়াল পরীক্ষা-২ ও সর্বশেষ বর্ষ-সমাপনী পরীক্ষার ফলাফল পর্যালোচনা করেছি। কিছু সংখ্যক শিক্ষার্থীর ফলাফল আমাকে আশাহত করেছে। মার্চ-২০২০ এ অনুষ্ঠিত বর্ষ সমাপনী পরীক্ষার প্রথম তিনটি বিষয়ের পরীক্ষায় তুলনায় আগস্ট-২০২০ এ অনলাইনের মাধ্যমে অনুষ্ঠিত চারটি বিষয়ের ফলাফল তুলনামূলকভাবে ভালো।

দ্বিতীয় বর্ষে ০২টি পরীক্ষা অনুষ্ঠিত হয় প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষা। প্রাক-নির্বাচনী পরীক্ষার সিলেবাসে ০৫টি অধ্যায় রয়েছে। ভালো ফলাফলের জন্য অধ্যায় ভিত্তিক পরিকল্পনার প্রয়োজন রয়েছে। গত ২৫/০৪/২০২০ থেকে ২৫/০৫/২০২০ পর্যন্ত প্রাক-নির্বাচনী পরীক্ষার সিলেবাস অনুযায়ী অধ্যায় ভিত্তিক Lesson Plan ০১ থেকে ০৫ প্রকাশ করেছি। প্রতিটি Lesson Plan এ অধ্যায়ের শিখনফল অনুযায়ী গুরুত্বপূর্ণ টপিকসমূহ আলাদা আলাদাভাবে চিহ্নিত করা হয়েছে। উদ্দীপক সম্পর্কে ধারণা দেয়া হয়েছে।

গত ১০/০৬/২০২০ থেকে ২৭/০৭/২০২০ পর্যন্ত Lesson Plan ০১ থেকে ০৫ এর ভিত্তিতে প্রাক-নির্বাচনী পরীক্ষার সিলেবাস অনুযায়ী অধ্যায় ভিত্তিক ০৫টি সৃজনশীল প্রশ্ন এবং সংশ্লিষ্ট ব্যাখ্যা ও পরামর্শসহ Model Answer Pattern প্রকাশ করা হয়েছে।

আমি আশা করি এ সকল অধ্যায় ভিত্তিক প্রস্তুতি মনোযোগ সহকারে অনুশীলন অব্যাহত রেখেছো। কোনো বিষয়ে বুঝতে কোনো ধরণের অসুবিধা হলে সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের সাথে নিঃসংকোচে যোগাযোগ করে সমাধান করে নেবে।

দ্বিতীয় বর্ষে উত্তীর্ণ শিক্ষার্থীরা আগামী ২০/০৯/২০২০ থেকে ১৫/১০/২০২০ তারিখের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে।

আগামী ১১/১০/২০২০ থেকে তোমাদের বিশেষ মডেল টেস্ট-০১ অনুষ্ঠিত হবে। পরীক্ষায় তোমাদের সফলতা কামনা করি। পরীক্ষার রুটিন ওয়েবসাইটে পেয়ে যাবে।

বাসায় থাকবে। নিয়মিত পড়ালেখা করবে। সময়ের সদ্ব্যবহার করবে।

অধ্যক্ষ

বেঙ্গল পাবলিক স্কুল ও কলেজ

চট্টগ্রাম ইপিজেড, চট্টগ্রাম।